

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫৮

কুমারঘাট, ১৫ মে, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪
কুমারঘাটে ভোট গণনা নিয়ে সভা

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে আজ ৫০-পাবিয়াছড়া বিধানসভা ক্ষেত্রের এআরও তথা কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমার কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ৫১-ফটিকরায় বিধানসভা ক্ষেত্রের এআরও তথা উনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক দশরথ দেববর্মা, কুমারঘাটের এসডিপিও কমল দেববর্মা, ডিসিএম অভিজিৎ কুমার দাস, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় ভোট গণনার সামগ্রিক নিয়মাবলী নিয়ে বিস্তারিত আলোচনা হয়।
